প্রতিদিন অন্তত একবার বোর্ডের Web site : **www.bteb.gov.bd** ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : **www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১.০৪ | তারিখ : ০১-০২-২০২১ খ্রিঃ

## জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা (৬ ও ৩ মাস) মেয়াদি কোর্সের (জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন ২০২০ এবং জুলাই-সেপ্টেম্বর ২০২০ সেশন) পরীক্ষা বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বোর্ডের জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা (৬ মাস ও ৩ মাস) মেয়াদি কোর্সের **(জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন ২০২০ এবং জুলাই- সেপ্টেম্বর ২০২০ সেশন) ২০২০ সনের চূড়ান্ত লিখিত পরীক্ষা**, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারিরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করে আগামী **৫ মার্চ ২০২১ খ্রিঃ শুক্রবার সকাল ১০.০০ টায়** বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। **ব্যবহারিক পরীক্ষা আগামী ০৫ ও ০৬ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে**। পরীক্ষার্থীর সংখ্যা ও ল্যাবের সুবিধাদির উপর বিবেচনা করে শুধু কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন (কোড-০৭৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বোর্ডকে অবহিত করে ০৭ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখে নেওয়া যাবে।

পরীক্ষাকেন্দ্রের বিস্তারিত তালিকা পরবর্তিতে জানানো হবে। এ ছাড়া বোর্ডের ওয়েব সাইটে (**www.bteb.gov.bd**) এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে।

*অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১৮১/মে, ২০১৬ মোতাবেক মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।*

১। যে সকল পরীক্ষার্থী ২০২০ সনের (জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন ২০২০ এবং জুলাই-সেপ্টেম্ব ২০২০ সেশন) জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই **৫ মার্চ ২০২১ খ্রিঃ** তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। **উত্তরপত্রের কভার পেজ OMR (লিথু কোড) শীট যুক্ত হবে।** (জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ঘন্টা মেয়াদি কোর্সের তাত্ত্বিক বিষযের জন্য শুধু মাত্র নির্ধারিত উত্তর পত্র ব্যবহৃত হবে)। **নতুন প্রবিধান ২০১৬** অনুযায়ী চূড়ান্তলিখিত পরীক্ষায় সর্বমোট ৬০টি প্রশ্ন থাকবে। এর মধ্যে ১০টি প্রশ্ন কমিউনিকেটিভ ইংরেজি। চূড়ান্তলিখিত পরীক্ষার সময় ১ ঘন্টা এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময় ৩ ঘন্টা। সকল অংশে পাশ নম্বর হবে ৬০%।

৩। কেন্দ্র সচিবগণ অত্যন্ত গোপনিয়তা ও কঠোর নিরাপত্তার সাথে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলি সম্পন্ন করবেন। পরীক্ষা সমাপ্তির পর উত্তরপত্রের **লিথুর ১ম অংশ বিষয়ভিত্তিক পৃথক পৃথক শিরোনাম দিয়ে মুড়িয়ে বক্সের** ভিতর সংখ্যা উল্লেখ করে প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয়ভিত্তিক পৃথক করে প্যাকেট করতে হবে। **পরে লিথুর বক্স ও উত্তরপত্র একটা প্যাকেটে করে হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে** বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবে : **(অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)**

> **পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
> **দৃষ্টি আকর্ষণ : মোঃ সুলতান হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক**
> **শর্ট কোর্স শাখা, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা**
> **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।**
> **মোবাইল : ০১৭১৫-১০৮৫৪৯,**

**উত্তরপত্র ও লিথুর ১ম অংশ সরকারী/প্রশাসনের/ কর্মকর্তাদের উপস্থিতিতে ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। শুক্রবার পোষ্ট অফিস খোলা রাখার ব্যাপারে পত্র দিয়ে এবং স্বশরীরে যোগাযোগ করে পোষ্ট অফিস খোলা রাখা নিশ্চিত করতে হবে। কোনক্রমেই লিথুর ১ম অংশ ও উত্তরপত্র নির্ধারিত দিনের পরে পাঠানো যাবে না। যে সকল কেন্দ্র/ প্রতিষ্ঠান উত্তর পত্র ও লিথুর ১ম অংশ যথাসময়ে পাঠাতে ব্যর্থ হবে, কোন পত্র ছাড়াই সে সকল কেন্দ্র বাতিল করা হবে।**

৪। **বোর্ড কর্তৃক প্রাপ্ত** হাজিরাশীট ও শিরোনামপত্রের সকল অংশ পূরণ করতে হবে **এবং On line-এ Absent Entry "A" দিতে হবে।** তাত্ত্বিক পরীক্ষার শেষে ব্যবহারিক-পরীক্ষা নিতে হবে। কোন পরীক্ষার্থী তাত্ত্বিক পরীক্ষায় **" অনুপস্থিত"** থাকলে ব্যবহারিক-পরীক্ষা নেওয়া যাবেনা ।

৫। তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে) এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার নম্বর (সংশ্লিষ্ট কেন্দ্র হতে) Online এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (বিস্তারিত পরীক্ষার কেন্দ্র হতে জানা যাবে)। প্রবিধান ২০১৬ মোতাবেক নম্বর বিন্যাস : (তাত্ত্বিক ধারাবাহিক নম্বর **TC** -এর পূর্ণ মান ৪০, উত্তীর্ণ মান ২৪, ব্যবহারিক ধারাবাহিক নম্বর **PC**-এর পূর্ণমান ২০০, উত্তীর্ণমান ১২০, তাত্ত্বিক চূড়ান্ত **TF** পরীক্ষার পূর্ণ মান ৬০, উত্তীর্ণ মান ৩৬, ব্যবহারিক চূড়ান্ত **PF** পরীক্ষার পূর্ণমান ২০০, উত্তীর্ণমান ১২০)।

৬। আগামী ১৪ ফেব্রুয়ারি হতে ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ (বিভাগ/জেলা সিডিউল অনুযায়ী) তারিখের মধ্যে এবং ব্যাংক ড্রাফট জমার স্লিপ-এর মূলকপি (গ্রাহক কপি) ও পরীক্ষার্থীদের তালিকা প্রদর্শন করে প্রতিষ্ঠানসমূহকে নিজ দায়িত্বে রেজিস্ট্রেশন শাখায় নতুন ভবনের (৫ম তলা) প্রতিষ্ঠানের ফোন নম্বর এন্ট্রি করে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

| ক্রমিক নং | কেন্দ্রের পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বোর্ড হতে গ্রহনের তারিখ ও বার। | যে সকল জেলার কেন্দ্রেসমূহ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও মালামাল বোর্ড হতে গ্রহণ করবে। | Online-এর মাধ্যমে TC,PC নম্বর প্রেরণের তারিখ |
|---|---|---|---|
| ১. | ১৪-০২-২০২১ রবিবার | পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার, মৌলভীবাজার, হবিগঞ্জ | ২৫-০২-২০২১ খ্রিঃ থেকে ০৪-০৩-২০২১ খ্রিঃ পর্যন্ত |
| ২. | ১৫-০২-২০২১ সোমবার | নীলফামারী, লালমনির.হাট, রংপুর, মাগুরা, নড়াইল, বাগেরহাট, চট্টগ্রাম, সিলেট | |
| ৩. | ১৬-০২-২০২১ মঙ্গলবার | কুড়িগ্রাম, গাইবান্ধা, যশোর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, সুনামগঞ্জ | |
| ৪. | ১৭-০২-২০২১ বুধবার | জয়পুরহাট, বগুড়া, সাতক্ষীরা, খুলনা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নেত্রকোনা | |
| ৫. | ১৮-০২-২০২১ বৃহস্পতিবার | নওগাঁ, চাঁপাই নবাবগঞ্জ, পিরোজপুর, বরগুনা, নোয়াখালী, ফেনী, ময়মনসিংহ | |
| ৬. | ২২-০২-২০২১ সোমবার | রাজশাহী, পটুয়াখালী, ভোলা, জামালপুর, শেরপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ | |
| ৭. | ২৩-০২-২০২১ মঙ্গলবার | নাটোর, ঝালোকাঠি, বরিশাল, গাজীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল | |
| ৮. | ২৪-০২-২০২১ বুধবার | সিরাজগঞ্জ, পাবনা, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী | |
| ৯. | ২৫-০২-২০২১ বৃহস্পতিবার | ফরিদপুর, রাজবাড়ী, ঢাকা | |

❖ **উল্লেখ্য রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।**

৭। **বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষার দিন নির্ধারিত সময়ে অনলাইনে প্রেরন করা হবে। চূড়ান্ত লিখিত (তাত্ত্বিক) পরীক্ষায় পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবেনা। চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর পরই হাজিরা সীট TC, PC ও PF এবং Absent list -এর হার্ড কপি** অন্যান্য তথ্যাদি স্পাইরাল বাইন্ডিং করে **অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে) বোর্ডের ঠিকানায় ৫ দিনের মধ্যে রেজিস্ট্রি ডাকে/কুরিয়ার সার্ভিস অথবা হাতে হাতে পাঠাতে হবে। ৫ দিনের মধ্যে প্রেরণ না করলে ঐ প্রতিষ্ঠান/কেন্দ্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৮। **পরীক্ষা শুরুর কমপক্ষে ৫ দিন পূর্বে পরীক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ২০০/- (কেন্দ্র ১৮০/- + অনাভ্যন্তরীণ পরীক্ষক ২০/-) টাকা হারে সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে কোন প্রতিষ্ঠান কেন্দ্রে ফি বাবদ ধার্যকৃত অর্থ পরিশোধ করেনি মর্মে অভিযোগ পাওয়া গেলে ঐ সকল প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত রাখা হবে। উল্লেখ্য কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ না করলে তাদের তালিকা পত্রের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক ও কেন্দ্র সচিবকে অবহিত করতে হবে। আরো উল্লেখ্য যে, কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ হইতে ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক ব্যয় নির্বাহ করতে হবে।**

৯। পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।মেইল

১০। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ/ পরিচালক, পলিটেকনিক ইন্সটিটিউট/ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট/সমাজ সেবা/ ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার ও অন্যান্য কেন্দ্র) ব্যবহারিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে **সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত ও পাঠদানকারী শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং সরকারি পলিটেকনিক/ টিএসসি/ টিটিসি/ ইন্ডাস্ট্রি হতে সংশ্লিষ্ট ট্রেডের প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের প্রস্তাবিত তালিকার হার্ড কপি পরীক্ষা শুরু হওয়ার ১৫ (পনের) দিন পূর্বে বোর্ডে প্রেরণ পূর্বক বোর্ড কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে। পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণের/রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সিডিউল অনুযায়ি শর্টকোর্স শাখায়, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলায় জমা দিতে হবে।**

**নিম্নে আভ্যন্তরীন ও অনাভ্যন্তরীন পরীক্ষকদের প্রস্তাবিত তালিকার নমুনা ছক ঃ**

| কেন্দ্রের নাম, কোড, ঠিকানা , মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা। | আভ্যন্তরীন পরীক্ষকের নাম পদবী, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে)। | অনাভ্যন্তরীন পরীক্ষকের নাম, পদবী, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে)। |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

১১। অনাভ্যন্তরীণ পরীক্ষক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন। ব্যবহারিক পরীক্ষা বাবদ অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক প্রতি শিক্ষার্থী জন্য ২০/-(বিশ টাকা) হারে পরিশোধ করতে হবে।

১২। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরীক্ষা শুরু হওয়ার নুন্যতম ৭ (সাত) দিন পূর্বে প্রস্তুত করে দায়িত্ব প্রাপ্ত ডেস্ক অফিসারের ই-মেইল এবং পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইলে পাঠাতে হবে। ল্যাবের ও যন্ত্রপাতির সুযোগ-সুবিধা বিবেচনা করে ব্যবহারিক পরীক্ষার গ্রুপ ভিত্তিক সময়সূচি নিম্নে নমুনা ছক অনুযায়ী উল্লেখ করতে হবে। নির্দিষ্ট তারিখে ব্যবহারিক পরীক্ষা সমাপ্ত করতে না পারলে পরের দিন ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে।

| কেন্দ্রের নাম, কোড, ঠিকানা , মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা। | গ্রুপ নং<br>১.<br>২.<br>৩.<br>৪. | পরীক্ষার্থীর সংখ্যা ও রেজিঃ নম্বরের ক্রমিক (XXXXXX হতে ZZZZZZ পর্যন্ত)। | বিষয়ের নাম ও কোড | পরীক্ষার তারিখ ও সময় | ল্যাব/ওয়ার্কশপেরে নাম | আভ্যন্তরিন পরীক্ষকের নাম পদবী, ঠিকানা , মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে)। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

১৩। **পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব** পরীক্ষা সংক্রান্তপ্রয়োজনীয় কাগজপত্রের চাহিদা পত্র পূরণ করে,পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের/সংগ্রহের ব্যবস্থা করবেন। তবে সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুতের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে। **উল্লেখ্য যে, উত্তরপত্র ও ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করার পর অতিরিক্ত উত্তরপত্র ও অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পর হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে।**

১৪। **উত্তর পত্রের লিথু (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) তথ্যাবলীঃ**

১৪.১ পরীক্ষার পর্ব/বর্ষ লিখার প্রয়োজন নাই।

১৪.২ কারিকুলাম কোডঃ **৩০ (ত্রিশ)** সকল বেসিক ট্রেডের জন্য দিতে হবে।

১৪.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজিঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড বসবে।**

১৪.৪ পরীক্ষার্থীর রোল লিখার প্রয়োজন নাই (রোলের ঘর ফাঁকা থাকবে)।

১৪.৫ **রেজিস্ট্রেশন নম্বর** ঃ ১০ ঘর (অংক) বিশিষ্ট **রেজিস্ট্রেশন নম্বর** থাকবে। (**রেজিস্ট্রেশন নম্বর** ০৬ ঘর (অংক) বিশিষ্ট **হলে বৃত্ত ভরাট ১৫.৮ অনুযায়ী** করনীয়)।

১৪.৬ সেশন কোড ঃ সেশনের ঘরে, সেশন অনুযায়ী সেশন কোড ০০৩১/ ০০৩২/ ০০৩৩/ ০০৩৪/ ০০২১/ ০০২২ বসবে। নিম্নে ছকে বর্ণিত ঃ

| সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি-মার্চ | ০০৩১ | **এপ্রিল-জুন** | **০০৩২** | **জুলাই-সেপ্টম্বর** | **০০৩৩** |
| অক্টোবর-ডিসেম্বর | ০০৩৪ | **জানুয়ারি-জুন** | **০০২১** | জুলাই-ডিসেম্বর | ০০২২ |

১৪.৭ বিষয় কোড ঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড হবে।**

১৪.৮ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

১৪.৯ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

১৪.১০ এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন।

১৪.১১ পুরাতন লিথোযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

১৪.১২ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।

০১।০২।২০২১.

( প্রকৌশলী মোঃ আবদুর রহমান )
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২১.০৪(২১৮৯) তারিখ ঃ ০১-০২-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৭. জেলা প্রশাসক, সকল জেলা।

৮. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।

৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।**

১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখের পূর্বে রেজিস্ট্রেসন কার্ড প্রিন্টপূর্বক রেজিস্ট্রেশন শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।**

১১. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(উল্লেখিত সিডিউল মোতাবেক রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**

১২. পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ /টেকনিক্যাল ট্রেনিং সেন্টার /টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট/ সমাজ সেবা/ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার/ অন্যান্য প্রতিষ্ঠান ------------------।

১৩. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্টকোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫. প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(উল্লেখিত সিডিউল মোতাবেক পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**

১৭. সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৮. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (বিতারন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৯. আঞ্চলিক পরিদর্শক, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

২০-২১৮৭ **অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতমান বেসিক সার্টিফিকেট কোর্স ৩৬০ ঘন্টা কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান TC (তাত্ত্বিক ধারাবাহিক) ও PC (ব্যাবহারিক ধারাবাহিক) এর নম্বর** Online-**এর মাধ্যমে পূরণকৃত নম্বরের হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।**

২১৮৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২১৮৯। নথি।

(মোঃ সুলতান হোসেন)
উপ-পরীক্ষানিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯, ০১৬৩২৪৮৬০৬৪




